তারিখ 18 SEP 1994
পৃষ্ঠা 7 কলাম ৬

বাংলার বাণী

133

# খুলনা পলিটেকনিকে শিবির–ছাত্রদল সংঘর্ষ ॥ আহত ৩৫

॥ নিজস্ব প্রতিনিধি ॥

খুলনা, ১৭ সেপ্টেম্বর।–আজ সকালে খুলনা পলিটেকনিক ইন্সটিটিউটে ছাত্রশিবির ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষে উভয় পক্ষে অন্ততঃ ৩৫ জন আহত হয়েছে। গুরুতর অবস্থায়

৭–এর পৃঃ ৬–এর কলামে

## খুলনা পলিটেকনিকে

প্রথম পৃষ্ঠার পর

১০ জনকে খুলনা জেনারেল হাসপাতালে ও স্থানীয় বিভিন্ন ক্লিনিকে ভর্তি করা হয়েছে। সংঘর্ষে উভয় পক্ষ হাতবোমা ও আগ্নেয়াস্ত্র ব্যবহার করে।

আজ সকাল সাড়ে ১১টার দিকে কলেজ ক্যাম্পাসে পূর্ব গোলযোগের জের হিসেবে ছাত্রশিবির ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষ বেধে যায়। উভয় পক্ষ একে অপরকে ধাওয়া করে। এসময় কয়েকটি হাতবোমা বিস্ফোরিত হয়। এতে সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে ভীতির সঞ্চার হয় এবং এদিক–ওদিক ছোটাছুটি করতে থাকে। সংঘর্ষকারীরা একাধিক কক্ষ ভাংচুর করে।

ছাত্রশিবিরের পক্ষ থেকে সন্ধ্যায় দলীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, ছাত্রদলের সশস্ত্র কর্মী ও বহিরাগতরা আকস্মিকভাবে শিবিরের কলেজ শাখার সভাপতি ও সাধারণ সম্পাদককে আক্রমণ করে। শিবির কর্মীরা প্রতিরোধ করতে গেলে সংঘর্ষ বাধে। এতে তাদের ২০ জন কর্মী আহত হয়। আহতদের মধ্যে শিবিরের কলেজ শাখার সভাপতি ইয়াসিন ও সাধারণ সম্পাদক গাউসুল, শিবির কর্মী আসলাম, আসাদউদ্দিন প্রমুখ আহত হয়।

সংবাদ সম্মেলনে আরো অভিযোগ করা হয়, তাদের নেতৃবৃন্দকে হাসপাতালে নেবার সময় ছাত্রদল আরেক দফা হামলা চালায়। পুলিশের ছত্রছায়ায় ছাত্রদল এ হামলা চালায় এবং থানায় কোন মামলা নেয়া হয়নি বলে শিবির নেতৃবৃন্দ অভিযোগ করেন।

এদিকে ছাত্রদলের পক্ষ থেকে অভিযোগ করা হয়, ছাত্রশিবিরের সশস্ত্র কর্মীরা বিনা উস্কানিতে ছাত্রদলের উপর হামলা চালায়। এতে কলেজ শাখার ছাত্রদলের সাধারণ সম্পাদক আহসানুল কবীর ও সহ-সাধারণ সম্পাদক কবীর হোসেনসহ ২৫ জন আহত হয়। এ ব্যাপারে খালিশপুর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। কলেজ ক্যাম্পাস থমথমে। উল্লেখ্য, গত ১৭ ও ১৮ আগস্ট ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে প্রচণ্ড সংঘর্ষ হয়।